
# ডেঙ্গুতে নতুন করে আরও ২৪৮ জন হাসপাতালে ভর্তি




সংগৃহীত: এআই জেনারেট ছবি

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে সারাদেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ২৪৮ জন রোগী। তবে এ সময়ে মৃত্যুর কোনো খবর নেই। চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪০ হাজার ৭০৯ জন এবং প্রাণ হারিয়েছেন ১৬৭ জন।

বাংলাদেশে ডেঙ্গুর প্রকোপ অব্যাহত রয়েছে। প্রতিদিনই হাসপাতালে বাড়ছে রোগীর চাপ। স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে শুক্রবার (১৯ সেপ্টেম্বর) পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত বৃহস্পতিবার সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত নতুন করে ২৪৮ জন রোগী ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

এর মধ্যে ঢাকা মহানগরে ভর্তি হয়েছেন ৮৭ জন, ঢাকা বিভাগের অন্যান্য জেলায় ৫২ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৫৩ জন, বরিশাল বিভাগে ৪৩ জন এবং ময়মনসিংহ বিভাগে ভর্তি হয়েছেন ১৩ জন।

চলতি বছরে ডেঙ্গুতে মৃত্যুবরণ করেছেন ১৬৭ জন। মৃতদের মধ্যে ৮৬ জন পুরুষ ও ৮১ জন নারী। এ ছাড়া এ পর্যন্ত দেশে মোট ৪০ হাজার ৭০৯ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন।

LENS ASIA